W.B.P.FORM NO. 27

# FIRST INFORMATION REPORT

795

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. Bankura Sub-Divn. Khatra P.S. Khatra women Year 2019 FIR No. 11/19 Date 25.08.19
2. (i) Act IPC Sections 498A/323/506/34 (ii) Act ........ Sections ........
   (iii) Act ........ Sections ........ Other Acts & Sections 3/4 D.P. Act
3. (a) General Diary Reference : Entry No. 168 Time 18:05 hrs.
   (b) Occurrence of Offence : Day since after marriage 15/12/18 to 4/5/19 Date ........ Time ........
   (c) Information Received Date 25.08.19 Time 18:05 hrs.
   G.D. No. 168 At the Police Station:
4. Type of information : Written / Oral Type written.
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. ........
   (a) Address ........
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. Chhatna
   District Bankura
6. Complaint/Informant :
   (a) Name Smt Nirupa Ray
   (b) Father's / Husband's Name Sourav Ray
   (c) Date / Year of Birth 24 Years
   (d) Nationality Indian
   (e) Address Village Kukraibasa PS Chhatna Dist - Bankura A/P C/O Amit Kr Ray of Nagni PS Khatra Dist Bankura.
7. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars. (1) Sourav Ray S/o Aloke Nath Ray
   (Attach separate sheet, if necessary) (2) Aloke Nath Ray S/o Naran Ray
8. Reasons for delay in reporting by complaint / informant ........
   (3) Lakshmi Ray W/O Aloke Nath Ray
   All of Village - Kukraibasa PS Chhatna
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) : Dist - Bankura.
   (4) Sonali Ray W/O Sumit Ray
   (5) Sumit Ray S/O Kisto Ray
   All of Bishnupur PS Bishnupur
   Dist: Bankura.
10. Total value of Properties stolen / Involved : ........
11. Inquest report / U.D. : Case No., If any : ×
12. FIR Contents : (Attach separate sheet, if required) The original Type written complaint which is treated as F.I.R. is attached herewith
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/323/506/34 IPC and 3/4 D.P. Act.

    ✓ SI Shipra Ghosh OC women PS Khatra

registered the case and took up the investigation / directed LASI Sikha Das.
........ to take up the investigation
........
transferred to P.S. ........ On point of jurisdiction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

নিরুপমা রায়
9641140377

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

Shipra Ghosh
Signature of the officer-incharge, Police Station with
Name : SHIPRA GHOSH
Rank : SI of Police
Number if any : OC women PS Khatra.
Dt 25/08/19

Officer-in-Charge
Khatra Women P.S.
Khatra Sub-Division

Khatra Women Police Station
Bankura

To,

The O.C Women P.S , Khatra

Khatra, Bankura

মাননীয় মহাশয়া,

আমি শ্রীমতী নিরুপা রায়,স্বামী-সৌরভ রায়,গ্রাম-কুকড়িবাসা ,থানা-ছা তনা,জেলা-বাঁকুড়া -র বাসিন্দা হইতেছি।

আমার বিনীত নিবেদন এই যে,আমার সাথে জেলা বাঁকুড়া,থানা-কুকড়িবাসা গ্রামের সৌরভ রায়,পিতা-আলোক নাথ রায় এর গত ইংরেজি 15/12/2018 তারিখে যথা বিহিত হিন্দুশাস্ত্র মতে সামাজিক ভাবে বিবাহ হয় । বিয়ের সময় পাত্র পক্ষের দাবি মত আমার বাবা তাদেরকে নগদ 65,000 টাকা,2 ভরি সোনার অলঙ্কার,পিতলের দানসামগ্রী যথা-গৈরা,থালা,বাটি,জগ,কড়াই,গামলা,ইত্যাদি যৌতুক হিসেবে প্রদান করেন ।বিয়ের পর আমি স্বামীর সাথে শ্বশুর বাড়িতে যাই এবং সেখানে স্বামীর সাথে স্বামী স্ত্রী স্বরুপে বসবাস করতে থাকি। বিয়ের পর কিছুদিন ঠিক ঠাক চলার পর আমার স্বামী আমাকে বাপের বাড়ী থেকে আরো 50,000 টাকা নিয়ে আসতে বলে এবং বলে যে,বিয়ের সময় তোমার বাবা পালঙ্ক,আলমারি দেন নাই সে গুলো নিয়ে আসবে। আমার বাবা গরিব হওয়ার কারনে আমি আমার স্বামীর দাবি মত টাকা দিতে পারি নাই এই কারনে আমার স্বামী আমার উপর মানসিক ও শারীরিক অত্যাচার আরম্ভ করে দেয় এবং তাকে এতদ বিষয়ে উস্কানি ও প্ররোচনা দিত আমার শ্বশুর মশাই 1.আলোকনাথ রায়,পিতা-নারাণ রায়, 2.শাশুড়ি লক্ষ্মী রায়,স্বামী-আলোকনাথ রায়, 3.আমার ননদ সোনালি রায়,স্বামী-সুমিত রায়, 4.নন্দাই সুমিত রায়,পিতা-কৃষ্ট রায়-এরা সকলে মিলে আমাকে সবসময় বাপের বাড়ী থেকে টাকা আনার বিষয়ে চাপ দিত। তারা আমাকে ঠিক মত খেতে পরতে দিত না। শরীর খারাপ হলে চিকিত্সা পর্যন্ত করাত না। তারা আমাকে বলত তোকে পতিতালয়ে বিক্রি করে দেব। আমার স্বামী আমাকে দেহ ব্যবসা করে টাকা উপার্জন করার বিষয়েও চাপ দিত। আমি সমস্ত বিষয়ে আমার বাবা মা কে জানালে আমার বাবা মা আমার শ্বশুর বাড়িতে গিয়ে আমার শ্বশুর বাড়ির লোকদের কে অনুরোধ করেন যাহাতে আমাকে সেখানে ঠিক ভাবে রাখা হয় ও কোনরুপ অত্যাচার না করা হয়। এরপর কিছুদিন ঠিক ঠাক চললেও পুনরাই তারা আমার উপর অত্যাচার করতে আরম্ভ করে দেয়। আমার স্বামী মদ খেয়ে এসে আমাকে প্রায়ই মারধর করতে থাকে। আমার শ্বশুর,শ্বাশুড়ী,ননদ ও নন্দাই প্রতিনিয়ত আমাকে কটু ভাষায় কথা বলতে থাকে এবং সকলে মিলে আমাকে গত ইংরাজি 4/5/2019 তারিখে মারধর করে শ্বশুরবাড়ি থেকে তাড়িয়ে দেয়। আমি সেখান থেকে ফোন করে আমার বাবাকে সমস্ত বিষয় জানাই। বাবা তত্ক্ষণাত সেখানে আসেন এবং আমাকে নিয়ে আমার শ্বশুর বাড়িতে গিয়ে তাদেরকে আমাকে সেখানে রাখার বিষয়ে অনুরোধ করাতে তারা আমার বাবাকেও অপমান করে। এরপর নিরুপাই হয়ে আমি বাবার সাথে বাপের বাড়িতে আসতে বাধ্য হই। এতদ সম্যক বিষয়ে গত ইং 14/6/19 তারিখে ছাতনা থানার অন্তর্গত চিনাবাড়ি গ্রাম পঞ্চায়েত এর মাধ্যমে এই মর্মে উভয়পক্ষের মধ্যে একটি সালিশি হয় যে,আগামি 7দিনের মধ্যে আমার স্বামী আমার বাপের বাড়িতে এসে আমাকে শ্বশুরবাড়ী নিয়ে যাবে। কিন্তু 7দিন পেরিয়ে যাওয়ার পরেও সে না আসাতে আমি তাকে ফোন করি। তখন সে আমাকে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করে এবং বলে যে তোর সাথে আমি আর সংসার করব না,আমি অন্য মেয়েকে বিয়ে করব।

Received on 25/08/19 at 18:05hrs Khatra Women PS Case no: 11/19 dt 25/08/19 u/s 498A/323/506/34 IPC & 3/4 DP Act
Dt 28/8/19

Officer-in-Charge
Khatra Women P.S.
Khatra Sub-Division

তুই এখানে এলে তোকে প্রাণে মেরে শেষ করে দেব। বর্তমানে আমি অতি কষ্টে খাতড়া থানার অন্তর্গত নগড়ী গ্রামে বাপের বাড়িতে আছি। আমার শ্বশুরবাড়ির লোকেরা খুবেই প্রভাবশালী হওয়াই এবং সেখানে গেলে আমার প্রাণহানির সংশয় থাকায় আমি ছাতনা থানায় গিয়ে অভিযোগ করিতে পারি নাই। অতএব এক্ষণে মহাশয়ার নিকট আমার অনুরোধ উপরিউক্ত আসামিগনের বিরুদ্ধে আইনগত যথাবিহিত ব্যবস্থা প্রদানে মর্জ্জি হয়। মানসিক অবস্থা খারাপ থাকার কারনে অভিযোগ জানাতে কয়েকদিন দেরি হল।

বিনীতা

দীপ্তিশিখা রায় (২৫)
9641140377

<u>আসামিগনের নাম ও ঠিকানা</u>

1. **সৌরভ রায়**,পিতা-আলোকনাথ রায়
2. **আলোকনাথ রায়**,পিতা-নারাণ রায়
3. **লক্ষ্মী রায়**,স্বামী-আলোকনাথ রায়
   সর্বব সাং-কুকড়িবাসা,থানা-ছাতনা,জেলা-বাঁকুড়া।
4. **সোনালি রায়**,স্বামী-সুমিত রায়
5. **সুমিত রায়**,পিতা-কৃষ্ট রায়

উভয়ের বর্তমান ঠিকানা-সাং+থানা-বিষ্ণুপুর,জেলা-বাঁকুড়া।

**তাং-25/08/2019**